

সুনান আবু দাউদ (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নম্বরঃ ৮৭৪

২/ সালাত (নামায) (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ১৫৭. নামাযী রুকু ও সিজদায় যা বলবে।

باب مَا يَقُولُ الرَّجُلُ فِي رُكُوعِهِ وَسُجُودِهِ

আরবী

حَدَّثَنَا أَبُو الْوَلِيدِ الطَّيَالِسِيُّ، وَعَلِيُّ بْنُ الْجَعْدِ، قَالَا حَدَّثَنَا شُعْبَةُ، عَنْ عَمْرِو بْنِ مُرَّةَ، عَنْ أَبِي حَمْزَةَ، مَوْلَى الْأَنْصَارِ عَنْ رَجُلٍ، مِنْ بَنِي عَبْسٍ عَنْ حُذَيْفَةَ، أَنَّهُ رَأَى رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يُصَلِّي مِنَ اللَّيْلِ فَكَانَ يَقُولُ " اللَّهُ أَكْبَرُ - ثَلَاثًا - ذُو الْمَلَكُوتِ وَالْجَبْرُوتِ وَالْكَبَرِيَاءِ وَالْعَظَمَةِ " . ثُمَّ اسْتَفْتَحَ فَقَرَأَ الْبَقْرَةَ ثُمَّ رَكَعَ فَكَانَ رُكُوعُهُ نَحْوًا مِنْ قِيَامِهِ وَكَانَ يَقُولُ فِي رُكُوعِهِ " سُبْحَانَ رَبِّيَ الْعَظِيمِ سُبْحَانَ رَبِّيَ الْعَظِيمِ " . ثُمَّ رَفَعَ رَأْسَهُ مِنَ الرُّكُوعِ فَكَانَ قِيَامُهُ نَحْوًا مِنْ رُكُوعِهِ يَقُولُ " لِرَبِّي الْحَمْدُ " . ثُمَّ سَجَدَ فَكَانَ سُجُودُهُ نَحْوًا مِنْ قِيَامِهِ فَكَانَ يَقُولُ فِي سُجُودِهِ " سُبْحَانَ رَبِّيَ الْأَعْلَى " . ثُمَّ رَفَعَ رَأْسَهُ مِنَ السُّجُودِ وَكَانَ يَقْعُدُ فِيمَا بَيْنَ السَّجْدَتَيْنِ نَحْوًا مِنْ سُجُودِهِ وَكَانَ يَقُولُ " رَبِّ اغْفِرْ لِي رَبِّ اغْفِرْ لِي " . فَصَلَّى أَرْبَعَ رَكَعَاتٍ فَقَرَأَ فِيهِنَّ الْبَقْرَةَ وَالْإِسْرَاءَ وَالنِّسَاءَ وَالْمَائِدَةَ أَوْ الْأَنْعَامَ شَكَّ شُعْبَةُ .

বাংলা

৮৭৪. আবুল ওয়ালিদ আত-তায়ালিসী (রহঃ) হুযায়ফা (রাঃ) হতে বর্ণিত। তিনি রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামকে রাতে নামায পড়তে দেখেন। এ সময় তিনি তিনবার আল্লাহু আকবর বলে “যুল মালাকূতি ওয়াল জাবারুতি ওয়াল কিবরিয়া-ই ওয়াল আযমাতি পাঠ করেন। অতঃপর তিনি সূরা বাকারা পড়া শুরু করেন এবং রুকুর সময় কিয়ামের সমপরিমাণ ছিল। তিনি রুকুতে “সুবহানা রাব্বিয়াল আযীম, সুবহানা রাব্বিয়াল আযীম” পাঠ করেন। অতঃপর তিনি রুকু হতে মাথা উত্তোলন করেন এবং এ দণ্ডায়মানের সময়টি প্রায় রুকুর সমান ছিল। তিনি এ সময় “লি-রাব্বিয়াল হামদ” পাঠ করেন। অতঃপর তিনি সিজদায় গমন করেন, যার পরিমাণ কিয়ামের অনুরূপ ছিল এবং তিনি সিজাদায় “সুবহানা রাব্বিয়াল আলা” পাঠ করেন। পরে তিনি সিজদা হতে মাথা তুলে বসেন এবং তাঁর দুই সিজদার মধ্যবর্তী সময়টুকু সিজদার সময়ের সমপরিমাণ ছিল, এবং এস্থানে তিনি

“রাব্বিগফিরলি” পাঠ করেন। এভাবে তিনি চার রাকাত নামায আদায় করেন এবং এই নামাযে তিনি সূরা বাকারা, সূরা আল-ইমরান, সূরা নিসা এবং সূরা মায়িদা বা সূরা আনআম পাঠ করেন। (তিরমিযী, নাসাঈ, মুসলিম, বুখারী)।

English

Narrated Hudhayfah:

Hudhayfah saw the Messenger of Allah (ﷺ) praying at night. He said: Allah is most great" three times, "Possessor of kingdom, grandeur, greatness and majesty."

He then began (his prayer) and recited Surah al-Baqarah; then he bowed and he paused in bowing as long as he stood up; he said while bowing, "Glory be to my mighty Lord," "Glory be to my mighty Lord" ; then he raised his head, after bowing: then he stood up and he paused as long as he paused in bowing and said, "Praise be to my Lord" ; then he prostrated and paused in prostration as long as he paused in the standing position; he said while prostrating: "Glory be to my most high Lord"; then he raised his head after prostration, and sat as long as he prostrated, and said while sitting: "O my Lord forgive me."

He offered four rak'ahs of prayer and recited in them Surah al-Baqarah, Aal Imran, an-Nisa, al-Ma'idah, or al-An'am. The narrator Shu'bah doubted.

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন □ বর্ণনাকারীঃ হুযায়ফাহ ইবন আল-ইয়ামান (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=23178>

📖 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন